গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কাযালয়, গোপালগঞ্জ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। এ কার্যালয়ের কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ১৮৮ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৪৭০০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ৮৯০ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৩০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ২৫০০ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ‘ রূপকল্প ২০৪১’, ‘ এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হবে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ২০০০ জন গ্রামীণ নারী ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে কোটালীপাড়া উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা প্রায় ৭১৫ টি । উপজেলায় ০২ টি নারী উন্নয়ন প্রকল্প (দুগ্ধ) এবং একটি সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প (সিভিডিপি) রয়েছে। নারী উন্নয়ন প্রকল্পের ২৪০০০০০০/- (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা ২০০ জন মহিলা সদস্যদের প্রত্যেকে ১২০০০০/- টাকা চেকের মাধ্যমে গাভী ক্রয় বাবদ ঋণ বিতরন করা হয়েছে। নারী উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মচারী রয়েছে। সদস্যদের কাছ থেকে নিয়মিত ঋণের কিস্তি আদায় করা একটি বড় চ্যালেঞ্জ । উক্ত সমস্যা চ্যালেঞ্জ মোকাবিলায় উপজেলা সমবায় অফিসার ও সহকারী পরিদর্শকদ্বয় সার্বক্ষনিক সহযোগিতা করছে। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুন:কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে কোটালীপাড়া উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্তিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২ টি উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় সংগঠন করা হবে;
- ১০০ জনকে চাহিদাভিত্তিক ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ১০০% সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ২৫০ জন সমবায়ীর স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কাযালয়, গোপালগঞ্জ-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;

২. সমবায়ের ভিত্তিতে পণ্য উৎপাদনে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান।

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উপজেলার সকল জনগোষ্ঠীকে সমবায় আদর্শে/দর্শনে উদ্ধুদ্ধকরণ;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. কর্মকর্তা/কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা;

৭. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা;

৮. গ্রামীণ নারী ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৯. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ১০ জন উদ্যোক্তা সৃজন | অন্তত ০২ টি টেকসই উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন | সংখ্যা | - | ২ | ২ | ৩ | ৪ | সমবায় মন্ত্রণালয় | উপজেলা সমবায় কার্যালয় |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাবদিহি নিশ্চিতকরণ | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব। | উপজেলা সমবায় কার্যালয়ের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ণ |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কার্যালয়ের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ণ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন; | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | সমষ্টি | জন | ৮ | ৮ | ৪ | ৪ | ৩ | | | | ৫ | ৬ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আশ্রয়ণ সমবায় সমিতি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.২] সমবায়ীদের পূঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন | ৪ | ০ | ৫০ | ৫০ | ৪৫ | | | | ৭০ | ৮০ |
| | | | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান (মহিলা) | সমষ্টি | জন | ৩ | ২০০ | ২০০ | ২০০ | ১৮০ | | | | ২২০ | ২৪০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] সমবায়ের ভিত্তিতে পণ্য উৎপাদনে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান। | ২৩ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ২ | ২৬.০৭.২৩ | ২৬.০৭.২৩ | ২৬.০৭.২৩ | ০৯.০৮.২৩ | | | | ২২.০৭.২৩ | ৩১.০৭.২৩ |
| | | | [২.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ১৫.০৭.২৩ | ১৫.০৭.২৩ | ১৫.০৭.২৩ | ০৯.০৮.২৩ | | | | ২২.০৭.২৩ | ৩১.০৭.২৩ |
| | | | [২.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ৩ |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৬০ | ৬০ | ৫৪ | | | | ৬৫ | ৭০ |
| | | | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৮০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ১০০ | ৫০ | ৪৫ | | | | ৫৫ | ৬০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | | | | ৯০ | ৯৫ |
| | | | [২.২.৬] এজিএম সম্পন্না না হওয়া সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | | | | ৯০ | ৯৫ |
| | | | [২.২.৭] কার্যকর সমিতির নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গৃহীত | সমষ্টি | সংখ্যা | ১ | ২০০ | ২৭২ | ২৮০ | ২৫২ | | | | ২৬০ | ২৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.২.৮] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ২০০ | ২৭২ | ২৮০ | ২৫২ | | | | ২৬০ | ২৭০ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ৯০ | ৯৫ |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা সৃজন; | ২২ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৭৫ | | | | ১২৫ | ১৫০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ।, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কাযালয়, গোপালগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কাযালয়, গোপালগঞ্জ হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া, গোপালগঞ্জ।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................................................

উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয়, কোটালীপাড়া,
গোপালগঞ্জ।

.............................................................

তারিখ

.............................................................

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কাযালয়, গোপালগঞ্জ

.............................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আসই | আঞ্চলিকসমবায়ইনষ্টিটিউট |
| ২ | এজিএম | বার্ষিক সাধারণসভা |
| ৩ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৬ | বিবিএস | বাংলাদেশব্যুরোঅবস্টাটিস্টিক্স |
| ৭ | বিসিএ | বাংলাদেশসমবায়একাডেমী |
| ৮ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ৯ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ | উপজেলা ও জেলা কার্যালয় | জনসাধারণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করার জন্য সরকারি অর্থায়নে প্রতি উপজেলা/থানা সমবায় কার্যালয় বছরে গড়ে ন্যুনতম ২টি সভা আয়োজন করা ছাড়াও জেলা সমবায় কার্যালয় আরও ২ টি সভা আয়োজন করবে। |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | নতুন সমবায় সমিতি নিবন্ধন প্রদানের উদ্যোগ গ্রহণ/নাগরিকের নিকট হতে প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। |
| | [১.১.৩] আশ্রয়ণ সমবায় সমিতি গঠিত | উপজেলা সমবায় কার্যালয় | নতুন সমবায় সমিতি নিবন্ধন প্রদানের উদ্যোগ গ্রহণ/নাগরিকের নিকট হতে প্রাপ্ত আবেদন শতভাগ নিষ্পত্তি করা। |
| [১.২] সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। |
| | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান (মহিলা) | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি অনুসরণ করে ন্যূনতম ৫০% কার্যকর সমবায় সমিতির বার্ষিক অনিরীক্ষিত আর্থিক বিবরনী ৩১ আগষ্ট এর মধ্যে প্রাপ্তি নিশ্চিত করা। |
| | [২.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | ২০23-২০2৪ সনে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে এমন প্রাথমিক সমবায় সমিতির তালিকা প্রণয়ন/সংকলন। |
| | [২.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | প্রধান কার্যালয় হতে প্রেরিত গাইডলাইন অনুসরণ করে বিভাগে বিদ্যমান সমবায় সমিতি হতে প্রতি উপজেলায় ন্যুনতম ১টি প্রাথমিক সমবায় সমিতিকে জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসার এর তদারকিতে মডেল সমিতিতে রুপান্তর করা। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ মোতাবেক নিবন্ধিত ও নিরীক্ষাযোগ্য সকল সমবায় এর নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত। 280 টি সমবায় এর নিরীক্ষা সম্পাদনের জন্য লক্ষ্যমাত্রা শতকরা হার অনুযায়ী নির্ধারণ করা হয়েছে |
| | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | প্রতি জেলায় উপজেলা/থানায় বছরে গড়ে ন্যুনতম 60টি সমবায় সমিতি পরিদর্শন। উপজেলা অফিস হতে প্রতিমাসে গড়ে 5টি করে বছরে ন্যুনতম 60টি, জেলা অফিস হতে প্রতি উপজেলায় বছরে কমপক্ষে ১টি। |
| | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | জেলা ও বিভাগ কার্যালয় | ২.১.৫ নং সূচকে প্রণীত নির্বাচনী ক্যালেন্ডার অনুযায়ী নির্বাচনযোগ্য প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান তদারক করা। এক্ষেত্রে কোন কারণে নির্বাচন অনুষ্ঠিত না হলে অনতিবিলম্বে অন্তর্বর্তী কমিটি গঠন নিশ্চিত করা। |
| | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি অনুসরণ করে ন্যূনতম ৫০% কার্যকর সমবায় সমিতির বার্ষিক অনিরীক্ষিত আর্থিক বিবরনী ৩১ আগষ্ট এর মধ্যে প্রাপ্তি নিশ্চিত করা। |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় সমিতি আইনের ১৭(৩) ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা। |
| | [২.২.৬] এজিএম সম্পন্না না হওয়া সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহিত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় সমিতি আইনের ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির পর্যালোচনা নিশ্চিত করা। |
| | [২.২.৭] কার্যকর সমিতির নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গৃহীত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় সমিতি আইনের ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির পর্যালোচনা নিশ্চিত করা। |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৮] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় সমিতি আইনের ধারা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনকৃত সমবায় সমিতির পর্যালোচনা নিশ্চিত করা। |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় বিধিমালা ২০০৪ এর ১০৮(১) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের 30 জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় নিরীক্ষা ফি শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য নিরীক্ষা ফি এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমবায় বিধিমালা ২০০৪ এর ৮৪(২) বিধি অনুসরণ করে নিরীক্ষা সম্পাদনের পরবর্তি ৩০ দিন অথবা নিরীক্ষা বছরের 30 জুন তারিখের মধ্যে (যাহা আগে হয়) সমিতি কর্তৃক বিধি মোতাবেক প্রদেয় সিডিএফ শতভাগ আদায় নিশ্চিত করা। এলক্ষ্যে প্রতিমাসে সম্পাদিত অডিট নোটের ভিত্তিতে পরবর্তী মাসের ১ম সপ্তাহে উপজেলা/থানাওয়ারী আদায়যোগ্য সিডিএফ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ কর্তৃক প্রদত্ত সমবায় ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা ও জেলা কার্যালয় | সফল সমবায়ী এবং সমবায় প্রতিষ্ঠানকে কাজের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার প্রদান। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | উপজেলা ও জেলা পর্যায়ের অফিসগুলোর সাথে সমন্বয়ের মাধ্যমে তাদের পৃষ্টপোষকতায় পরিচালিত সমবায় সমিতির সদস্যদেরকে ঋণ প্রদান বা আর্থিক অনুদানের মাধ্যমে স্ব-কর্মস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী করা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | অডিট সম্পাদনের নিমিত্তে সমিতি কর্তৃপক্ষকে নোটিশ জারী করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করার মাধ্যমে সহযোগিতা গ্রহণ করে কার্যক্রম সম্পাদন করা হয়। |
| রাজস্ব আদায় | নিরীক্ষা ফি আদায়কৃত | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | অডিট সম্পাদনের মাধ্যমে নীট লাভের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি আদায়ের নিমিত্তে সমিতি কর্তৃপক্ষকে নোটিশ জারী করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করার মাধ্যমে প্রয়োজনে সহযোগিতা গ্রহণ করে অডিট ফি আদায় করা হয়। |
| রাজস্ব আদায় | সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | অডিট সম্পাদনের মাধ্যমে নীট লাভের ভিত্তিতে ধার্যকৃত সিডিএফ আদায়ের নিমিত্তে সমিতি কর্তৃপক্ষকে নোটিশ জারী করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করার মাধ্যমে প্রয়োজনে সহযোগিতা গ্রহণ করে সিডিএফ আদায় করা হয়। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ